REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩রা আশ্বিন বুধবার ১৩৪৬ ইংরাজী 20th September 1939 | ১৮শ সংখ্যা

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের অগ্রিম বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৵৹ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় বিনামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ এক আনা হিসাবে।

বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া জানিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।

সত্বর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—

শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

২নং দর্মাহাটা ষ্ট্রীট

কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৪৫** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৫৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

বাঙলার ও বাঙালীর নিজস্ব প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

নূতন বীমা

( ১৯৩৭-৩৮ )

**৩ কোটি টাকার উপর**

—বোনাস—

| প্রতি বৎসর | প্রতি হাজারে |
|---|---|
| মেয়াদী বীমায় ১৮৲ | আজীবন বীমায় ১৫৲ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| চলতি বীমা | ... | ১৪ | কোটি | ৬০ | লক্ষের | উপর |
| বীমা তহবিল | ... | ২ | ,, | ৬৭ | লক্ষের | ,, |
| মোট সংস্থান | ... | ২ | ,, | ৯৭ | ,, | ,, |
| প্রিমিয়াম আয় | ... | ... | ... | ৬৯ | ,, | ,, |
| দাবী শোধ | ... | ১ | কোটি | ৬০ | ,, | ,, |

হেড আফিস—হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

সাব অফিস :—কৃষ্ণনগর, নদীয়া।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫৷৹

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

ব্রজশশী

## আয়ুর্বেবদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান।

( স্থাপিত—সন ১৩৩২ সাল )

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—

**কবিরাজ শ্রীমোহিনীকুমার রায় বি-এ, কবিরত্ন**

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

## বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ চাউলপটীতে সদর রাস্তার ধারে একখানি ছোট একতালা পোক্তা বাটী বিক্রয় হইবে। অনুসন্ধান করুন।

পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ।

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৩রা আশ্বিন বুধবার সন ১৩৪৬ সাল

## আমাদের নিবেদন

আমাদের মুদ্রাযন্ত্র বিগড়াইয়া যাওয়ায় গত সপ্তাহে (২৭শে ভাদ্র ইং ১৩ই সেপ্‌টেম্বর) "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করিতে পারি নাই। আমাদের এই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য গ্রাহক, অনুগ্রাহক ও পৃষ্ঠপোষকগণের নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি।

## খেয়াঘাটে পারাপার

রঘুনাথগঞ্জ খেয়াঘাটে প্রত্যহ বহু নরনারী পারাপার হয়। একই নৌকায় মানুষ ও গরু ঘোড়া প্রভৃতি জন্তু পার হওয়া যে কি বিপজ্জনক তাহা সকলেই অবগত আছেন। এ সম্বন্ধে আমরা বহুবার আবেদন নিবেদন করিয়াছি, কিন্তু বিশেষ ফল হয় নাই। এখনও একই নৌকায় মানুষ ও জানোয়ার পারাপার কার্য্য চলিতেছে। উপরোক্ত বিষয়ে আমরা আমাদের মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান বাহাদুরের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## ভাগীরথীর জল

ভাগীরথী নদীর জল একবারে কমিয়া গিয়াছিল। পুনরায় কয়েক দিন হইতে বাড়িতে আরম্ভ করিয়াছে। জল বৃদ্ধির জন্য নদীতীরবর্ত্তী জমি সমূহের কলাইএর চারা-গাছ ডুবিয়া গিয়াছে।

## ওয়াজির আলি মেমোরিয়াল কাপের খেলা

গত ২৬শে আগষ্ট শনিবার হইতে জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসা ময়দানে "ওয়াজির আলী মেমোরিয়াল কাপে"র খেলা আরম্ভ হইয়াছে। এই খেলায় ১৮টী দল যোগদান করিয়াছে। খেলার মাঠে প্রত্যহ বহু সংখ্যক দর্শক সমবেত হইতেছে।

## বিদায় সভা

জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসার সুপারিন্টেণ্ডেণ্ট মৌলভী সেখ আবদার রাহিম এম-এ, বি-এল, বি-টি সাহেব ঢাকা কলেজের অধ্যাপকের পদে বাহাল হওয়ায় তিনি ঢাকা গিয়াছেন। গত ১০ই সেপ্‌টেম্বর বেলা ১ ঘটিকার সময় এক সভায় স্কুলের ছাত্রছাত্রীগণ ও জঙ্গিপুর টিচার্স এসোসিয়েসনের সভ্যগণ তাঁহাকে বিদায় অভিনন্দন জ্ঞাপন করেন। সভায় বহু নিমন্ত্রিত ভদ্রলোক উপস্থিত হইয়াছিলেন। আমরা তাঁহার উত্তরোত্তর উন্নতি কামনা করি।

## দ্বিজপদ মেমোরিয়াল শীল্ডের খেলা

গত ১১ই সেপ্‌টেম্বর সোমবার হইতে রঘুনাথগঞ্জ খেলার মাঠে "দ্বিজপদ মেমোরিয়াল শীল্ডে"র খেলা আরম্ভ হইয়াছে। এবারে বিভিন্ন স্থান হইতে মোট ১৮টী দল যোগদান করিয়াছে। খেলার মাঠে প্রত্যহ বহু দর্শকের সমবেত হয়।

## হাইকোর্ট বন্ধ

গত ১লা সেপ্‌টেম্বর হইতে হাইকোর্টের ছুটি হইয়াছে। আগামী ১৫ই নভেম্বর পুনরায় হাইকোর্ট খুলিবে।

## মুর্শিদাবাদে বেড়া উৎসব

নবাবী আমলে মুর্শিদাবাদে বেড়া উৎসব এক প্রধান উৎসব ছিল। অতি ধুমধামের সহিত এই উৎসব অনুষ্ঠিত হইত। সেই আমলের এই উৎসব এখন সামান্য ভাবে অনুষ্ঠিত হইলেও জনসাধারণ শত বর্ষের এই উৎসব সাদাসিদাভাবে চালাইয়া যাইতেছে। প্রতি বৎসর ভাদ্র মাসের এক নির্দ্দিষ্ট দিনে লালবাগে এই উৎসব হয়। আজও গঙ্গার তীরে সহস্র লোক সমবেত হয় ও গঙ্গাবক্ষে মাইলব্যাপী স্থানে নৌকা সমবেত হয়। ঐ দিন কলা গাছের ক্ষুদ্র ক্ষুদ্র ভেলায় কাগজের নৌকায় প্রদীপ জ্বালাইয়া ছাড়িয়া দেওয়া হয়। কেহ কেহ অন্যান্য দ্রব্য নির্ম্মিত নৌকা নদীর স্রোতে ছাড়িয়া দেয়। সন্ধ্যা হইলে নদী বক্ষে ও নদী তীরে বাদ্য বাজিতে থাকে। রাত্রে আকাশে আতস বাজী হয়। নদী বক্ষ ক্ষুদ্র ক্ষুদ্র নৌকার আলোকমালায় অপূর্ব্ব শ্রী ধারণ করে। প্রাচীনকালে নবাবী আমলে যে বিরাট উৎসব আয়োজন হইত, এখন তাহার কিছুই নাই বলিলেই চলে। তথাপি পুরাতন সংস্কার আজও স্থানীয় লোকগণ ছাড়িতে পারে নাই। সেই যুগের বাঙ্গালীর উৎসবকে আজও বাঙ্গালী ভুলিতে পারে নাই।

## হাঁপানীর ঔষধ বিতরণ

প্রতি বৎসর, শরৎ কালে চিত্রকূট সেবাশ্রম হইতে হাঁপানী রোগের ঔষধ সেবনের প্রশস্ত সময়। এ বৎসর কোজাগরী পূর্ণিমা হেমন্তকালে পড়িয়াছে। আগামী ২৮শে সেপ্টেম্বর জেলা বান্দার চিত্রকূট সেবাশ্রম পোঃ চিত্রকূট হইতে ঔষধ বিতরিত হইবে।

## কাগজের মূল্য বৃদ্ধি

সংবাদপত্রে যে সকল কাগজ ব্যবহৃত হয় তাহা বিদেশ হইতে আসে। যুদ্ধ আরম্ভ হওয়ায় ঐ কাগজের মূল্য শতকরা প্রায় ৫০৲ টাকা বর্দ্ধিত হইয়াছে। যুদ্ধের সুবিধায় কাগজের মূল্য বাড়িবে, ইহা ব্যতীত জাহাজ গমনাগমনের অসুবিধা, ভাড়া বৃদ্ধি প্রভৃতির জন্য কাগজের মূল্য বৃদ্ধি হইবে। এই সকল কারণে ফ্রান্সের গভর্ণমেণ্ট সংবাদপত্রের আকার কমাইয়া ৪ পৃষ্ঠা করিবার আদেশ দিয়াছেন। ইটালীতে সংবাদপত্রের আকার ৬ পৃষ্ঠা করিবার জন্য আইন করা হইয়াছে। কলিকাতার দৈনিক সংবাদপত্র সমূহের কয়েক পৃষ্ঠা কমান হইয়াছে। সংবাদপত্রের কাগজের মূল্য বৃদ্ধি হওয়ায় ক্ষুদ্র সংবাদপত্র বন্ধ হইবার সম্ভাবনা আছে। কাগজের জাহাজ দক্ষিণ আফ্রিকা ঘুরিয়া আসিতে বিলম্ব হইবে। সুতরাং এক্ষণে কিছুকাল বাজারে সংবাদপত্রের কাগজ পাওয়া যাইবে না। এই সকল কারণে কলিকাতার সংবাদপত্র কার্য্যালয় সমূহে চিন্তার কারণ হইয়াছে। প্রধান সমস্যা কাগজের অভাবে নিয়মিতভাবে সংবাদপত্র প্রকাশ করা যাইবে কিরূপে।

## মূল্যবৃদ্ধি না করিবার জিনিষের তালিকা

যুদ্ধের অজুহাতে যে সকল দ্রব্যের মূল্য বৃদ্ধি করা চলিবে না, করিলে তাহা দণ্ডনীয় হইবে, বাঙ্গলা সরকার তাহার একটা তালিকা প্রস্তুত করিয়াছেন। চাল, ডাল, আটা, ময়দা, গুড়, চিনি, মাছ, মাংস, ঘি, মাখন, লবণ, মসলা, তরিতরকারী প্রভৃতি খাদ্য দ্রব্য, সাধারণ লুঙ্গী, ধুতি, শাড়ী, গামছা, জামার কাপড় প্রভৃতি বস্ত্রাদি এবং ঔষধপত্র ইহার অন্তর্ভুক্ত। অবশ্য এই তালিকা সম্পূর্ণ নয়। প্রয়োজন বোধে ইহার বৃদ্ধি হইতে পারে। বিলাসের দ্রব্য এই তালিকা হইতে বাদ দেওয়া হইয়াছে সম্ভবতঃ এই বিবেচনায় যে, যাহাদের বিলাসিতার সখ আছে, তাহাদের মূল্য যোগাইবারও শক্তি আছে। তথাপি কতকগুলি বিলাস দ্রব্য যুগধর্ম্মে গৃহস্থগৃহে আজ নিত্য প্রয়োজনীয় দ্রব্যেই পরিণত হইয়াছে। লিখিবার কাগজ, কলম, পেন্সিল প্রভৃতি ছাত্রদের নিত্য প্রয়োজনীয় দ্রব্য। দেশালাই গৃহস্থের নিত্য প্রয়োজনীয় দ্রব্য। এগুলিও এই তালিকার অন্তর্ভুক্ত করা উচিত ছিল।

## বাঙ্গলা গবর্ণমেণ্টের সতর্কী করণ

বাঙলা গবর্ণমেণ্ট দোকানদার ও ব্যবসায়ীদিগকে আরও সতর্ক করিয়া দিয়াছেন যে, সমস্ত দ্রব্য তালিকাভুক্ত হয় নাই, অতঃপর সেগুলিও অতিরিক্ত মূল্যে বিক্রয় করিতে দেখা গেলে গভর্ণমেণ্ট যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করিতে বাধ্য হইবেন। যাহারা অন্যায় লাভের উদ্দেশ্যে সাধারণের প্রয়োজনীয় দ্রব্য গোপনে মজুত করিবে এবং উপযুক্ত পরিমাণে বিক্রয় করিতে অস্বীকার করিবে, তাহারাও আইনতঃ দণ্ডার্হ হইবে। আশা করি, এই সরকারী ঘোষণার ফলে দোকানদারগণ ও ব্যবসায়িগণ সতর্ক হইবেন এবং জনসাধারণের সঙ্গে স্বেচ্ছায় মূল্য নিয়ন্ত্রণে সহযোগিতা করিবেন।

## ভারতবাসীর প্রতি রাজা ষষ্ঠ জর্জ্জের বাণী

কেন্দ্রীয় আইন সভাদ্বয়ের যুক্ত অধিবেশনে
বড়লাট বাহাদুর কর্ত্তৃক পঠিত

"আজ সমগ্র সভ্যতা বিপন্ন, আমরা যাহার জন্য অস্ত্র ধারণ করিয়াছি, ভারতের সর্ব্বত্র তাহা সমর্থিত হইতেছে জানিয়া আমি গভীর আনন্দ লাভ করিয়াছি। ভারতের দেশীয় রাজ্যের নৃপবৃন্দ এবং জনগণ সাহায্যের যে সমস্ত প্রতিশ্রুতি দিয়াছেন তাহাকেও আমি বিশেষ মূল্য দান করি। আমি বিশ্বাস করি যে, যে সংগ্রামে আমি এবং আমার প্রজাগণ লিপ্ত হইয়াছি, বিরাট ভারতবর্ষ উহা নিজের বিপদ মনে করিয়া সকল স্থান হইতে সাহায্য এবং সহানুভূতি প্রকাশ করিবে। বৃটেন নিজের স্বার্থের জন্য লড়িতেছে না।—বৃটেন এমন একটী মূল নীতির সমর্থনে লড়িতেছে, যাহা ভবিষ্যৎ মানবজাতির পক্ষে বিশেষ গুরুত্বপূর্ণ। সভ্য দেশ সমূহের সম্পর্ক যাহাতে বলপ্রয়োগে স্থির না হইয়া যুক্তি এবং আইনের দ্বারা স্থির হয়, যাহাতে মানুষ যুদ্ধের ভীতি হইতে মুক্ত হইয়া সুখে-স্বাচ্ছন্দ্যে বাস করিতে পারে এবং উহাই যাহাতে মানব জাতির ভবিষ্যৎ এই মূলনীতি তাহাই চাহে।"

## বিনাব্যয়ে যক্ষ্মা রোগীর পরীক্ষা

বাঙ্গলা গভর্ণমেণ্ট ঘোষণা করিয়াছেন যে, গভর্ণমেণ্টের রেজিষ্টারীভুক্ত চিকিৎসকদের নিকট হইতে সার্টিফিকেট লইলে যক্ষ্মারোগীদিগের নিষ্ঠীবন বিনাব্যয়ে অনুবীক্ষণ যন্ত্র দ্বারা পরীক্ষা করা হইবে। গভর্ণমেণ্টের হাসপাতাল ও গবেষণাগারে এরূপভাবে বিনাব্যয়ে এই বন্দোবস্ত না হইলে বাঙ্গলা দেশে যক্ষ্মার বিরুদ্ধে অভিযান বিফল হইবে; জেলা সমূহের হাসপাতালেও ঐরূপ সুযোগ যাহাতে দেওয়া হয় তাহার জন্য গভর্ণমেণ্ট জেলা স্বায়ত্ব শাসন প্রতিষ্ঠানের নিকট অনুরোধ করিবেন।

## বঙ্গীয় ব্যবস্থাপক সভা

আগামী নভেম্বর মাসের তৃতীয় সপ্তাহে বঙ্গীয় ব্যবস্থা পরিষদের অধিবেশন হইবে।

# তারা বার্লী

## আমাদের বিশেষত্ব —




আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি পি, বসু মহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

**টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ**
**তারা ভিটাফুড ফ্যাক্টরী**
পোঃ বাগবাজার কলিকাতা

ENGD BY D. P. NATH & BROS. 2 BOW BAZAR ST.

---




মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে।

ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলা কর্ণমুল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১৷৵০। ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

---

## মৃতের জীবন ঃ—ভাইট্যালী— { বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি **মরা মানুষ বাঁচাইতে** পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।/০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।/০

প্রাপ্তিস্থান **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

---

## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৵০ কমিশন বাদ

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।

---

সুধী গুণবেত্তার সুচিন্তিত অভিমত—

# জবাকুসুম তৈলের

নব স্বর্ণ আভরণ

রুচির সম্যক্ নিদর্শন




জবাকুসুম তৈল ক্রয়কালীন

এই নব আধারেই লইবেন।

পূর্ব্বের পুরাতন আভরণ কিনিবেন না।

**সি, কে, সেন** এণ্ড কোং লিঃ
কলিকাতা

---

# সাধনা ঔষধালয়, ঢাকা

## অধ্যক্ষ

### শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক



ব্রাঞ্চ ঃ—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৭৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনশুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর * রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট (ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *

লণ্ডন এজেন্সি—হাই-হলবরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২